

# বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯

[www.caab.gov.bd](http://www.caab.gov.bd)

নং-সিএএবি/প্র-১/নিয়োগ/২-৫০/২০১৪-২৫৪৬

তারিখ: ১৬/০৯/২০১৯

## ল'ফার্ম নিয়োগ

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন-২০১৭ এর আওতায় বিধিমালা প্রস্তুতের জন্য স্বনামধন্য ল'ফার্ম এর নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

### শর্তাবলী (Terms of Reference) :

#### (ক) ল'ফার্মটির যোগ্যতা হবে নিম্নরূপঃ


- (১) ফার্মটি আবশ্যিকভাবে একটি ল'ফার্ম হতে হবে।
- (২) ফার্মে ন্যূনতম ০৫-০৭ জন আইনজীবী থাকতে হবে।
- (৩) ফার্মের একটি বৈধ ট্রেড লাইসেন্স থাকতে হবে।
- (৪) ফার্মটির হালনাগাদ নিবন্ধিত TIN ও VAT Registration থাকতে হবে।
- (৫) ফার্মের সিনিয়র আইনজীবীর ন্যূনতম ১০ বছরের আইন পেশায় অভিজ্ঞতা থাকতে হবে।
- (৬) ফার্মে নিয়োজিত সিনিয়র আইনজীবীর/আইনজীবীদের এডভোকেট সনাক্ত আইন/বিধি-বিধানের খসড়া প্রণয়ন/প্রস্তুতকরণ/কনসালটেন্টের অভিজ্ঞতা সম্পন্ন ফার্ম-কে অগ্রাধিকার প্রদান করা হবে। অভিজ্ঞতার প্রমাণক দাখিল করতে হবে।
- (৭) ফার্মের সকল আইনজীবীদের CV ও ভোটার ID Card এর ফটোকপি দাখিল করতে হবে।
- (৮) খসড়াটি ইংরেজী হতে বাংলায় রূপান্তরের ক্ষেত্রে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অবসরপ্রাপ্ত অভিজ্ঞ কর্মকর্তার সমন্বয়ে খসড়া বিধিমালা প্রণয়ন করতে হবে।
- (৯) কাজের স্থান, ফার্মটির অফিস/সিএএবি'র অফিসে হতে পারে।
- (১০) ফার্মের ফি আলোচনা সাপেক্ষে প্রদান করা হবে। ফি প্রদানের ক্ষেত্রে প্রথম খসড়া প্রদানের পর ৩০%, দ্বিতীয় খসড়া ৫০% এবং বিধিমালা চূড়ান্ত অনুমোদনের পর ২০% হারে বিল প্রদান করা হবে।
- (১১) চুক্তিপত্র সম্পাদনের পর ০৪ (চার) মাসের মধ্যে চূড়ান্ত বিধিমালা প্রস্তুত পূর্বক দাখিল করতে হবে।

#### (খ) নিম্নলিখিত ল'ফার্মটিকে নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করতে হবে :

- (১) বিদ্যমান Civil Aviation Rules-1984 এর বিধিসমূহ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭ এবং বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর সংশ্লিষ্ট ধারাসমূহের আলোকে প্রয়োজনীয় সংশোধন, সংযোজন, বিয়োজন তথা পরিমার্জনের মাধ্যমে একটি নতুন খসড়া বিধিমালা প্রস্তুত এবং বিধিমালা প্রস্তুতকালে নিম্নোক্ত বিষয়গুলো ইন-কর্পোরেট করতে হবেঃ
  - (ক) খসড়া বিধি প্রণয়নকালে Chicago Convention এর ১৯টি পরিশিষ্টের উল্লিখিত Standard and Recommendation Practices (SARPs) এর প্রয়োজনীয় অংশ সন্নিবেশ করতঃ বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এবং বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭ এর বিধানসমূহকে আমলে রেখে, নতুন খসড়া বিধিমালা প্রস্তুত করতে হবে। তবে শর্ত থাকে যে, ICAO, অন্যান্য সংস্থা-যেমনঃ FAA, EASA এর রেগুলেশন ও সংশ্লিষ্ট বিধি-বিধান বিবেচনায় রেখে খসড়াটি প্রণয়ন করার প্রয়োজন হবে।
  - (খ) বর্তমান বিধিমালাটি ইংরেজিতে প্রণীত International Convention আন্তর্জাতিক বিমান চলাচল বিষয়ক প্রচলিত Technical Terms ও এর ভাবার্থ সঠিকভাবে প্রয়োগযোগ্য করার নিমিত্ত খসড়া বিধিমালা প্রথমে ইংরেজীতে এবং একই সাথে বাংলায় প্রণয়ন করতে হবে।
  - (গ) ICAO Annex-19 এর প্রয়োজনীয় অংশ নতুনভাবে বিধিমালাতে অন্তর্ভুক্ত করতে হবে।
  - (ঘ) কাজটি সম্পাদনের ক্ষেত্রে সিএএবি'র মনোনীত কর্মকর্তা/পরামর্শক/বিশেষ পরিদর্শক এর সমন্বয়ে গঠিত টিম/কমিটির সাথে পরামর্শ/সমন্বয়ক হিসেবে কাজ করবে।

#### (গ) আবেদন প্রক্রিয়া :

- (১) চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর অনুকূলে (অফেরতযোগ্য) ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের ড্রাফট/পে-অর্ডার প্রদান করতে হবে। আগামী ০৭/১০/২০১৯ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯-এ আবেদন পৌছাতে হবে।



(আবুল ফয়েজ মোঃ আলাউদ্দিন খান)

পরিচালক (প্রশাসন)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

ফোন-৮৯০১৪১২